

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ ফেব্রুয়ারী ২০২২

## পবিত্র ওমরা পালন শেষে দেশে ফিরলেন

### সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পবিত্র ওমরা পালন শেষে আজ শনিবার সকাল ১১টায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করেন। তিনি গত ১০ ফেব্রুয়ারি পবিত্র ওমরা পালনের উদ্দেশ্যে ঢাকা হয়ে সৌদি আরবের পথে রওয়ানা করেন। বিমান বন্দরে তাঁকে অভ্যর্থনা জানান ভারপ্রাপ্ত মেয়র আবদু সবুর লিটন, প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, অধ্যাপক মো. ইসমাইল, গাজী মো. শফিউল আজিম, মো. শাহেদ ইকবাল বাবু, লায়ন মো. ইলিয়াছ, সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মিজা ফজলুল কাদের, অতি. প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, এস্টেট অফিসার জসিম উদ্দিন, স্থপতি আবদুল্লাহ আল ওমরসহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

## বঙ্গবন্ধুকে নিবেদিত অমর একুশে বইমেলা

### উদ্বোধন কাল

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত নগরীর এম এ আজিজ স্টেডিয়ামে অমর একুশে বইমেলা আগামীকাল রোববার বিকেল সাড়ে ৩টায় উদ্বোধন করা হবে। মেলা প্রতিদিন বিকাল ৩টা থেকে রাত ৯টা এবং ছুটির দিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত আগামী ১০ মার্চ পর্যন্ত চলবে। এতে চট্টগ্রাম ও ঢাকার ১২০টি প্রকাশনী প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করবেন। অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

#### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩